


## ঈশ্বর বিশ্বস্ত নোহকে শাস্তি থেকে উদ্ধার করেছিলেন

### বাণ্ডিস্মের সহযোগি শিক্ষা

শিশুদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে মানানসই শিক্ষণ কার্যকলাপ পছন্দ করুন।

শিক্ষক, প্রার্থনা এবং বাইবেল পাঠের মাধ্যমে নিজেকে প্রস্তুত করুন। আদি পুস্তক ৬, ৭ এবং ৮ অধ্যায় পাঠ করুন, এবং বন্যার ঘটনার মধ্যে যে বিষয়গুলো গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করবেন সেগুলো টুকে রাখুন।



খুঁজে দেখুন ...

- ৬ঃ৫-৯ পদ, নোহ কি ধরনের মানুষ ছিলেন।
- ৬ঃ৫-৭ পদ, ঈশ্বর যে মানব জাতিকে সৃষ্টি করেছিলেন তাদের তিনি ধ্বংস করেছিলেন কেন ?
- ৬ঃ১৩-২২ পদ, নোহ কিভাবে নৌকা তৈরী করার আদেশের প্রতি সাড়া দান করেছিলেন ?
- ৭ঃ৮-৯ পদ, নোহের পরিবার ছাড়া ঈশ্বর সেই জাহাজের মধ্যে আর কি কি এনেছিলেন ?
- ৮ঃ১৪-২২ পদ, বন্যার পর নোহ কি করেছিলেন যার ফলে ঈশ্বর প্রীত হয়েছিলেন ?

নোহ এবং বন্যার গল্পটি বলুন। আপনি এই গল্পটি বলার জন্য একটি বড় শিশুকে প্রস্তুত করতে পারেন।

জাহাজের মধ্যে নোহের পশুপালনের বিষয়টি নাটকে পরিণত করুন। বড়দের কাছে নাটকটি উপস্থাপনের জন্য আরাধনার নেতাদের সঙ্গে ব্যবস্থা করুন। বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে সাহায্য করতে দিন।

- শিশুদের কয়েকটি পশুর নাম বলতে দিন, যাদের নোহ জাহাজে রেখেছিলেন। (গরু, ভেড়া, বাঁদর, বাঘ, কুকুর, বিড়াল, গাধা, কাঙারু, খরগোশ ইত্যাদি।)
- দুজন দুজন করে শিশুদের পছন্দ করতে বলুন, তারা কোন্ কোন্ পশুর প্রতিনিধিত্ব করতে চায়।
- তারা যেভাবে হাঁটবে এবং ডাকবে তার থেকে শিশুদের সেগুলো কোন্ কোন্ পশু তা অনুমান করতে বলুন : গাধার ডাক, সিংহের গর্জন, বাঘের গর্জন, মেঘের ব্যাব্যা ডাক, গরুর হাম্বা ডাক (মাথার ওপর আঙ্গুল দিয়ে শিং দেখাতে হবে।)
- একজন বড় শিশুকে নোহের ভূমিকায় অভিনয় করতে দিন যে জাহাজে পশু পালন করবে। তারা দুজন করে আসবে। নোহ তাদের বলবে, “তাড়াতাড়ি! বড় জাহাজের মধ্যে প্রবেশ কর, বন্যা আসছে!”
- জোড়ায় জোড়ায় পশুদের জাহাজে প্রবেশ করার সময় তাদের হাত এবং হাঁটু দিয়ে হামাণ্ডি দিতে বলুন অথবা খরগোশ বা কাঙারু হলে লাফিয়ে লাফিয়ে যেতে দিন। তারা যে পশুর প্রতিনিধিত্ব করছে তাদের মত করে ডাকতে দিন। হাতীদের একটু ঝুঁকে একটা হাত শুঁড়ের মত সামনে পেছনে দোলাতে দোলাতে যেতে হবে।

শিশুরা নাটকে যে পশুটির অভিনয় করেছে তাদের সেই পশুটির ছবি আঁকতে দিন। বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন (নিচের নমুনা ছবিগুলো দেখুন)

ভাগ-১ এর অধীনে গল্পটির বিষয়ে যে প্রশ্নগুলো আছে তা শিশুদের জিজ্ঞাসা করুন।


- বড়দের অনুমান করতে বলুন, সেখানে কি কি পশু ছিল। ছোটদের বড়দের কাছে কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন।

শিশুদের জলের উপর একটি জাহাজের ছবি আঁকতে দিন।

- শিশুদের জিজ্ঞাসা করুন যে জাহাজটি কিভাবে ব্যাখ্যা করে যে ঈশ্বর যীশুর মাধ্যমে আমাদের বিশ্বাসীদের পাপ থেকে রক্ষা করেন। কিভাবে যীশু সেই জাহাজটির অনুরূপ ?

নোহ ও জাহাজের বিষয়ে ছোট কবিতা অথবা গান লিখতে বলুন। তারা যা লিখেছে সেই বিষয়গুলো ঘরে তাদের বাবা মায়ের কাছে বলতে অথবা গান করতে এবং আরাধনার সময় বড়দের কাছে উপস্থাপন করতে দিন।

শিশুদের নিচের পশুদের ছবিগুলো উদাহরণ হিসাবে দেখান যাতে তারা আঁকতে পারে। তাদের বলুন তারা এই ছবিগুলো অথবা অন্য যেকোন পশুদের ছবি আঁকতে পারে।



কবিতাঃ চারটি শিশুর প্রত্যেকে গীত ৩২ঃ১, ৩, ৫, এবং ৭ পদগুলোর একটি করে পদ আবৃত্তি করতে হবে।

“ধন্য সেই যাহার অধর্ম ক্ষমা হইয়াছে, যাহার পাপ আচ্ছাদিত হইয়াছে।”

“আমি যখন চুপ করিয়াছিলাম, আমার অস্থি সকল ক্ষয় পাইতেছিল, কারণ আমি সমস্ত দিন আতর্নাদ করিতেছিলাম।”

“আমি তোমার কাছে আমার পাপ স্বীকার করিলাম, আমার অপরাধ আর গোপন করিলাম না, আমি কহিলাম, আমি সদাপ্রভুর কাছে নিজ অধর্ম স্বীকার করিব, তাহাতে তুমি আমার পাপের অপরাধ মোচন করিলে।”

“তুমি আমার অন্তরাল, তুমি সঙ্কট হইতে আমাকে রক্ষা করিবে, রক্ষাগীত দ্বারা আমাকে বেষ্টিত করিবে।”

প্রেরিত ২ঃ৩৮ পদটি মুখস্থ করুন।

বড়শিশুদের একটি ছোট গল্প লিখতে দিন।

- একটি শিশুর বিষয় লেখ যার খারাপ বন্ধুরা তাকে একটি দোকান থেকে জিনিস চুরি করতে তাদের সঙ্গে নিয়ে যাবার চেষ্টা করেছিল। সে অস্বীকার করেছে। তারা তার ওপর ক্রুদ্ধ হয়ে তাকে খারাপ নাম ধরে ডাকে।
- তারা দোকানে গেছিল এবং পুলিশ তাদের চুরি করার সময় ধরে ফেলেছিল এবং কারাবন্দী করেছিল।
- প্রথম শিশুটি তাদের সঙ্গে দেখা করেছিল এবং তাদের জন্য খাবার নিয়ে গেছিল।

শিশুদের বিস্তারিতভাবে ঘটনাটি লিখতে বলুন এবং যে কোনভাবে তাদের গল্পটি সমাপ্ত করতে দিন। কিভাবে পাপের জন্য অবশ্যই শাস্তি পেতে হয় সেই বিষয়টি এই গল্পটি ব্যাখ্যা করে, কিন্তু যীশু আমাদের ঈশ্বরের শাস্তি থেকে রক্ষা করেন।

প্রার্থনাঃ “পিতা, আমরা তোমার প্রশংসা করি, কারণ যীশু আমাদের ঈশ্বরের ধার্মিক শাস্তি থেকে নিরাপদ আশ্রয় দান করেছে, ঠিক তুমি যেমন নোহ, তাঁর স্ত্রী এবং পরিবারের প্রতি করেছিলে। যীশুর নামে, আমেন।”